অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের কমিনিটিসমূহে গুলির ঘটনা 28% হ্রাস পাওয়ার ঘোষণা করলেন

লং আইল্যান্ড, রচেস্টার, সিরাকিউস, ইউটিকা, ইয়োঙ্কার্সে উল্লেখযোগ্য হ্রাস

বন্দুক সহিংসতা কমাতে প্রায় 350 মিলিয়ন ডলারের বিনিয়োগ নিশ্চিত করা হয়েছে

আজকে গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে গত বছরের আট মাসের সময়কালের তুলনায় 2024 সালের আগস্টের ঐ একই সময়ে গোলাগুলির ঘটনায় আহত হওয়ার ঘটনাগুলো 28 শতাংশ কমে এসেছে, যেটা নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতা নির্মূল উদ্যোগে অংশ নেওয়া পুলিশ বিভাগগুলো জানিয়েছে। সামগ্রিকভাবে গোলাগুলির এই ঘটনাগুলো কমে আসার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং GIVE-এ অংশগ্রহণকারী 28টি পুলিশ বিভাগের মাধ্যমে নিয়ন্ত্রিত কমিউনিটি জুড়ে স্থায়ীভাবে বন্দুক সহিংসতা কমে এসেছে।

"আমার এক নম্বর অগ্রাধিকার হলো জনগণের নিরাপত্তার বিষয় এবং নিউ ইয়র্কবাসী এবং তাদের কমিউনিটিকে রক্ষা করা আমাদের সমস্ত প্রচেষ্টার ভিত্তি," **গভর্নর হোকল বলেন।** "বন্ধুক সহিংসতা রুখে দিতে আমাদের কৌশলগত পরিকল্পনাগুলো প্রমাণিত ভাবে কার্যকরী কিন্তু আমাদের কাজ কখনো শেষ হবে না – আমরা নিউ ইয়র্ককে একটি সকলের জন্য নিরাপদ স্থানে পরিণত করতে আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে বিনিয়োগ, নতুন কর্মপন্থার আবিষ্কার ও অংশীদারিত্বের সাথে কাজ করা চালিয়ে যাব।"

এই 28 শতাংশ হ্রাস 1 জানুয়ারি থেকে 31 আগস্ট, 2024 পর্যন্ত আহত হওয়া সহ 417টি গোলাগুলির ঘটনাকে তুলে ধরে, যেখানে 1 জানুয়ারি থেকে 31 আগস্ট, 2023 পর্যন্ত 578টি ঘটনা ঘটেছে।

নিউ ইয়র্ক স্টেটের GIVE উদ্যোগটি 21টি কাউন্টির 28টি পুলিশ বিভাগকে সমর্থন করে যেখানে নিউ ইয়র্ক সিটির বাইরে স্টেটের অধিকাংশ জনসংখ্যা বাস করে।

নিম্নলিখিত পুলিশ বিভাগগুলো 2024 সালের আগস্ট মাস পর্যন্ত বিগত বছরের একই সাত মাসের সময়কালের তুলনায় গুলির ঘটনায় বিশেষভাবে উল্লেখযোগ্য হ্রাসের প্রতিবেদন করেছে:

- নাসাউ কাউন্টি: 40 শতাংশ হ্রাস

- রচেস্টার: 39 শতাংশ হ্রাস
- সাফোক কাউন্টি: 39 শতাংশ হ্রাস
- সিরাকিউজ: 26 শতাংশ হ্রাস
- ইউটিকা: 47 শতাংশ হ্রাস
- ইয়োঙ্কার্স: 56 শতাংশ হ্রাস

GIVE উদ্যোগে অংশগ্রহণকারী 28টি পুলিশ বিভাগের প্রত্যেকটির 2024 সালের জুলাই মাসের ডেটা স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) ওয়েবসাইটে পাওয়া যাবে।

GIVE কমিউনিটিসমূহে সংঘটিত বন্দুক সহিংসতার ঘটনা হ্রাস পাওয়ার পাশাপাশি নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (New York City Police Department) 2024 সালের আগস্ট মাস পর্যন্ত বিগত বছরের একই সময়ের তুলনায় নিউ ইয়র্ক সিটিতে গুলির ঘটনা 12 শতাংশ হ্রাস (602 বনাম 682) পাওয়ার প্রতিবেদন করেছে।

বন্দুক সহিংসতার সমাধান করে, অপরাধ হ্রাস করে এবং জননিরাপত্তা উন্নত করার জন্য বহুমাত্রিক পন্থার গুরুত্বকে স্বীকার করে এমন একটি সার্বিক পরিকল্পনার অর্থায়নের জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে গভর্নর হোকলের নিশ্চিত করা 347 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসের কমিশনার রোসানা রোসাদো বলেন, "গভর্নর হোকল এটা স্বীকার করেছেন যে শুধুমাত্র আইন প্রয়োগ করাই আশেপাশের এলাকাকে নিরাপদ করে না। DCJS তার নেতৃত্বে GIVE, আমাদের SNUG স্ট্রিট আউটরিচ প্রোগ্রাম, বন্দী কর্মসূচির বিকল্প এবং পুনরায় প্রবেশের পরিষেবাগুলোর জন্য রেকর্ড পরিমাণ তহবিল পেয়েছে যা আমাদের স্থানীয় অংশীদারদের শুধুমাত্র অপরাধের ধারাবাহিকতাকেই সমাধান করবে না বরং এর পেছনে থাকা কারণগুলোকেও সমাধান করবে। এই জটিল ইস্যুতে একটি সহযোগিতামূলক, বহুমুখী পদ্ধতিতে এই উল্লেখযোগ্য বিনিয়োগ লভ্যাংশ প্রদান করছে এবং রাজ্য জুড়ে কমিউনিটিগুলোতে জননিরাপত্তা উন্নত করছে।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন বলেন, "নিউ ইয়র্কবাসীরা নিরাপদ বোধ করার যোগ্য, এই কারণেই গত বছর আমার নেতৃত্বে, নিউ ইয়র্ক সিনেটের গণতান্ত্রিক সংখ্যাগরিষ্ঠতা স্মার্ট সহিংসতার হস্তক্ষেপের জন্য 347 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে যা GIVE প্রোগ্রামের মত গুরুত্বপূর্ণ ফলাফল বয়ে নিয়ে আসে। এটি উল্লেখ করার মত বিষয় যে GIVE উদ্যোগটি স্টেট ব্যাপী অংশগ্রহণকারী এলাকাগুলোতে বন্দুক সহিংসতার ঘটনাগুলো 28 শতাংশ কমিয়ে আনার বিষয়টি অর্জন করেছে এবং ইয়োঙ্কার্স অসাধারণভাবে 56 শতাংশ বন্দুক সহিংসতার ঘটনা কমিয়ে আনার ব্যাপারে নেতৃত্ব প্রদান করেছে। আমি গভর্নর ক্যাথি হোকলকে তার অক্লান্ত এবং কার্যকর নেতৃত্বের জন্য এই প্রোগ্রাম এবং বন্দুক সহিংসতা মোকাবেলায় অন্যান্য উদ্ভাবনী উদ্যোগের জন্য ধন্যবাদ জানাতে চাই। কমে আসার এই প্রবণতা যদিও জননিরাপত্তার উন্নতির জন্য আমাদের প্রচেষ্টায় অর্থপূর্ণ অগ্রগতির ইঙ্গিত প্রদান করে

তথাপি আমরা বন্দুকের সহিংসতা কমিয়ে আনতে এবং নিরাপদ কমিউনিটি করতে নতুন কোনো কার্যকরী পদ্ধতির মাধ্যমে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হেস্টি বলেন, "আজকের ঘোষণাতে এটা প্রতীয়মান যে বন্দুক সহিংসতা প্রতিরোধে আমাদের বিনিয়োগ নিউ ইয়র্ককে নিরাপদ করতে কাজ করছে। আমাদের প্রচেষ্টাগুলো বন্দুক সহিংসতার ঘটনা এতটাই উল্লেখযোগ্যভাবে কমিয়ে নিয়ে আসছে যে যার কারণে আমি অত্যাধিক গর্ববোধ করি তবে অ্যাসেম্বলিতে সংখ্যাগরিষ্ঠতা আমাদের কমিউনিটিকে আরো বেশি নিরাপদ করে তুলতে আমাদের স্টেটের অংশীদারদের সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমার সহকর্মীরা এবং আমি জানি যে আমরা এমন একটি ভবিষ্যত গড়ে তুলতে পারি যেখানে কোনো নিউ ইয়র্কবাসীকে তাদের কমিউনিটিকে ধ্বংস করে বন্দুক সহিংসতার ভয়ে বাঁচতে হবে না এবং এই ভবিষ্যত অর্জনের জন্য প্রয়োজনীয় রিসোর্স এবং বিনিয়োগ করতে ইচ্ছুক।"

অ্যাসেম্বলি মেম্বার জেফরি ডিনোভিটজ বলেন, "নিউ ইয়র্ক জুড়ে গোলাগুলির ঘটনা 28 শতাংশ হ্রাস সমন্বিত পদক্ষেপ এবং কৌশলগত বিনিয়োগের শক্তির প্রমাণ। জননিরাপত্তার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি আমাদের কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ রিসোর্স নিয়ে এসেছে, আইন প্রয়োগকারী এবং তৃণমূল সংস্থাগুলোকে বন্দুকের সহিংসতা মোকাবেলায় ক্ষমতায়ন করেছে। বন্দুক সহিংসতায় জড়িত ভায়োলেন্স এলিমিনেশন (GIVE) উদ্যোগের মতো প্রমাণিত সমাধানগুলোতে 350 মিলিয়ন ডলার বিনিয়োগ করে, আমরা আমাদের আশেপাশের এলাকাগুলোকে আরো বেশি নিরাপদ করতে বাস্তব ফলাফল দেখতে পাচ্ছি। এই অগ্রগতি নিশ্চিত করার জন্য একটি ধাপ এগিয়েছে যে প্রতিটি নিউ ইয়র্কবাসী, ইয়োঙ্কার্সে, রচেস্টারে হোক বা ব্রঙ্কসেই হোক, তাদের কমিউনিটিতে নিরাপদ বোধ করতে পারে।"

গভর্নরের বিনিয়োগের মধ্যে রয়েছে ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগ দ্বারা পরিচালিত জাতীয়ভাবে স্বীকৃত উদ্যোগ যা বন্দুক সহিংসতা এবং সহিংস অপরাধ দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিতে আইন প্রয়োগকারী এজেন্সি এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠনকে তহবিল, প্রশিক্ষণ এবং কারিগরি সহায়তা প্রদান করে:

- প্রায় 36 মিলিয়ন ডলার আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরণের (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগের জন্য। GIVE এর মাধ্যমে, DCJS 21টি কাউন্টির 28টি পুলিশ বিভাগকে প্রমাণভিত্তিক কৌশল বাস্তবায়ন করতে সহায়তা করে যা বন্দুক সহিংসতা হ্রাস করতে সফল হিসেবে প্রমাণিত হয়েছে, এর মধ্যে রয়েছে সমস্যাকেন্দ্রিক পুলিসিং, হট স্পট পুলিসিং, কেন্দ্রীগত প্রতিরোধ/গোষ্ঠী সহিংসতায় হস্তক্ষেপ, সড়কে আউটরিচ, এবং পরিবেশগত নকশার মাধ্যমে অপরাধের প্রতিরোধ করা। এই কৌশলগুলি এমন কিছু ব্যক্তি এবং স্থানের উপর মনোযোগ প্রদান করে যারা বেশিরভাগ সহিংসতার জন্য দায়ী এবং আস্থা তৈরি করতে এটি বৃহত্তর সম্প্রদায়ের সাথে জড়িত হয়। এছাড়াও GIVE এইসব কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস, প্রবেশন বিভাগ, এবং শেরিফের অফিসের অর্থায়ন করে।
- SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচিটির জন্য 21 মিলিয়ন ডলার, যা উৎস শনাক্ত করা, বিস্তার রোধ করা এবং সহিংসতা দ্বারা আক্রান্ত ব্যক্তি, পরিবার ও

কমিউনিটিসমূহের চিকিৎসা করার মাধ্যমে বন্দুক সংক্রান্ত সহিংসতার সমাধান করতে একটি জনস্বাস্থ্যের পন্থা অবলম্বন করে। সম্প্রদায়ভিত্তিক সংগঠন এবং হাসপাতাল 14টি সম্প্রদায়ে কর্মসূচিটি পরিচালনা করে এবং প্রায় 200 জন আউটরিচ কর্মী, সামাজিক কর্মী এবং কেস ব্যবস্থাপককে চাকরি প্রদান করে। যারা সহিংসতার ঘটনায় প্রিয়জন হারিয়েছে বা পূর্বেই কোনোভাবে বিচার ব্যবস্থার সাথে জড়িত হয়েছে তাদের জন্য আউটরিচ কর্মীরা নির্ভরযোগ্য বার্তাবাহক। অতিরিক্ত সহিংসতার সৃষ্টি হওয়ার পূর্বেই প্রতিশোধ প্রতিরোধ, দ্বন্দ্ব সনাক্ত করা এবং শান্তিপূর্ণভাবে তা সমাধান করার জন্য তারা গুলির ঘটনার পর সাড়াদান করে। সামাজিক কর্মী এবং কেস ব্যবস্থাপকেরা বন্ধু ও পরিবারসহ সম্প্রদায়ের সহিংসতা দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে কাজ করে। এছাড়াও DCJS নিউ ইয়র্ক সিটির সহিংসতাকে ব্যাহত করার প্রয়াসকে সমর্থন করে, কর্মসূচির মাত্রা বৃদ্ধি করার জন্য এর সঙ্কট ব্যবস্থাপনা ব্যবস্থার (Crisis Management System, CMS) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

- স্টেটের [অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের (Crime Analysis Centers)] অনন্য নেটওয়ার্কের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার, যা স্টেটব্যাপী স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির জন্য তথ্য, গোপন সংবাদ এবং ডেটা বিশ্লেষণ, সংকলন এবং বিতরণ করে। অন্য কোন স্টেটেই এর অনুরূপ কিছু নেই, 10টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিতে স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির সাথে অংশীদারিত্বে পরিচালিত কেন্দ্রগুলি অপরাধ প্রতিরোধ করতে, তদন্ত এবং সমাধান করার ক্ষেত্রে স্টেট ও স্থানীয় প্রয়াসের কেন্দ্র হিসেবে কাজ করে। শুধু গত বছরেই কর্মীরা 90,000টিরও বেশি সহায়তার অনুরোধ নিয়ে কাজ করেছে, এজেন্সিগুলিকে খুচরা চুরি থেকে শুরু করে খুন পর্যন্ত সবকিছুর সমাধান করতে সহায়তা করেছে।
- [সামাজিক জড়িতকরণের মাধ্যমে অন্তরঙ্গতার পুনঃকল্পনা (Reimagining Intimacy through Social Engagement, RISE) প্রকল্পের], জন্য সর্বোচ্চ 20 মিলিয়ন ডলার, এটি একটি অনন্য অর্থায়নের মডেল যা বন্দুক সহিংসতার *সাড়াদান* করতে, সমাধানে *বিনিয়োগ* করতে, ইতিবাচক কর্মসূচি *বহাল* রাখতে এবং কমিউনিটির *ক্ষমতায়নের* জন্য কমিউনিটির স্টেকহোল্ডারদেরকে একত্রিত করে। এর প্রথম বছরে, উদ্যোগটি 74টি ক্ষুদ্র, তৃণমূল কর্মসূচিসহ 99টি সংগঠনকে সমর্থন করে, যার মধ্যে অনেকগুলি তাদের কাজের জন্য কখনো স্টেটের সমর্থন পায়নি। RISE দ্বারা অর্থায়িত কর্মসূচি এবং পরিষেবার মধ্যে রয়েছে একাডেমিক সমর্থন, কর্মসংস্থান পরিষেবা, মেন্টরিং, এবং অপরাধ/সহিংসতা প্রতিরোধ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন